দৈনিক ইত্তেফাক

২৪/৮/২০০২

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ৩ কলাম ৬

# ঢাকা ভার্সিটি হইতে হরপ্রসাদ শাস্ত্রীর ৩টি ফাইল গায়েব ॥ নৈহাটিতে সন্ধান লাভ

সাহাবুল হক ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ের রেকর্ড রুম হইতে গায়েব হওয়া বাংলা সাহিত্য গবেষণার প্রখ্যাত পন্ডিত হরপ্রসাদ শাস্ত্রীর ৩টি গবেষণামূলক গুরুত্বপূর্ণ ফাইল এখন কলকাতার নৈহাটির একটি গবেষণাগারে রহিয়াছে। ৮০ বৎসরের দুর্লভ সংগ্রহের এই ফাইলগুলি কিভাবে নৈহাটিতে গেল তাহা কেহ বলিতে পারিতেছে না।

বিশ্বস্ত সূত্রে জানা যায়, উক্ত ফাইল ৩টি ১৯৮৪ সালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের বর্তমান হিসাব পরিচালক একেএম রুহুল আমিন আকন্দ প্রশাসনিক ভবনের রেকর্ড রুমের রেজিষ্টার বুকে স্বাক্ষর করিয়া নিয়াছিলেন। ইহার পরে তিনি আর ফাইল ৩টি ফেরত দেন নাই। রেকর্ড রুম হইতে কয়েকবার তাহাকে এ বিষয়ে চিঠি দেওয়া হইলেও তিনি কোন জবাব দেন নাই। এ বিষয়ে রুহুল আমিন আকন্দ বলেন, 'ইহা অনেক আগের কথা। আমি নিয়াছিলাম তবে যথাসময়ে ফেরত দিয়াছিলাম।' রেকর্ড রুমের খাতায় উক্ত ফাইল ৩টি জমা দেওয়ার কোন লিখিত তথ্য পাওয়া যায় নাই। ঢাকা বিশ্ববিদ্যালয়ের রেজিষ্ট্রার মোঃ সেলিম ঘটনার সত্যতা স্বীকার করিয়া বলেন, হ্যাঁ, উনি নিয়াছিলেন। তবে আমার নিকট ফেরত দেন নাই।

ইতিহাস বিভাগের এক অধ্যাপক উক্ত ফাইল ৩টি কলকাতার নৈহাটিতে শাস্ত্রী গবেষণা কেন্দ্রে দেখিয়াছেন বলিয়া দাবী করিয়াছেন। ইহার পূর্বে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় লাইব্রেরী হইতে বেশকিছু দুর্লভ সংগ্রহ চুরি হইয়া গিয়াছিল। উল্লেখ্য, মহামহোপাধ্যায় হরপ্রসাদ শাস্ত্রী ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের সংস্কৃত ও বাংলা বিভাগের প্রথম অধ্যক্ষ। ১৯২৭ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ তাঁহাকে 'ডক্টরেট অব লিটারেচার' ডিগ্রী প্রদান করিয়াছিলেন।